গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪.৯৩

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।।

বিষয়: আপদকালীন পরিস্থিতি মোকাবেলা কর্মসূচি হতে অর্থ বরাদ্দ প্রসংগে।

সূত্র: খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের স্মারক নং-২২৯.৩৬.৪৬০০.০৩৩.০০.২৯৫.২০২৪-১৮১১; তারিখ: ০৬/১০/২০২৪

উপযুর্ক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পার্বত্য জেলায় তামাকের আবাদ কমানোর লক্ষ্যে দীঘিনালা, মাটিরাঙ্গা এবং সদর উপজেলায় সরিষা, ভূট্টা, সূর্যমূখী, শীতকালীন সবজি বন্যা উত্তর পুনর্বাসনের লক্ষ্যে সর্বমোট ২৭,০০,০০০/-(সাতাশ লক্ষ) টাকা মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবর নিম্নে বর্ণিত ছক ও শর্ত মোতাবেক বরাদ্দ প্রদানের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

উপজেলার নাম	ফসলের নাম	কৃষক/বিঘা/ সংখ্যা	উপকরণ			টাকার পরিমাণ
			বীজ	ডিএমপি সার	এমওপি সার	
দীঘিনালা, মাটিরাঙ্গা এবং সদর	সরিষা	৫০০	১,২৫,০০০/-	১০৫০০০/-	১০০০০০/-	৩,৩০,০০০/-
	ভূট্টা	৫০০	৫,৫০,০০০/-	১০৫০০০/-	১০০০০০/-	৭,৫৫,০০০/-
	সূর্যমূখী	৩০০	৭,৫০,০০০/-	৬৩০০০/-	৬০০০০/-	৮,৭৩,০০০/-
	শীতকালীন সবজি	৫০০	৫,৩৭,০০০/-	১০৫০০০/-	১০০০০০/-	৭,৪২,০০০/-
		১৮০০	**১৯,৬২,০০০/-**	**৩,৭৮,০০০/-**	**৩,৬০,০০০/-**	**২৭,০০,০০০/-**

০২। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

:

১। মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৪। মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

আপনার বিশ্বস্ত,



০৮-১০-২০২৪
মালেকা পারভীন
উপসচিব

নম্বর: ২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪.৯৩/১ (৭)

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
২। অতিরিক্ত সচিব (সমন্বয়), সমন্বয় অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়;
৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ;
৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়;
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়;
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিস, খাগড়াছড়ি এবং
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।।





০৮-১০-২০২৪
মালেকা পারভীন
উপসচিব